



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ।
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd



স্মারক নং : ময়মিবো/পনি/উমা/০৯/০৪/১৯/৪৮৮

তারিখঃ ২১/১২/২০২১খ্রিঃ

এইচএসসি/২০২১ এর ব্যবহারিক পরীক্ষা সম্পর্কিত জরুরি নির্দেশনা

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক পরীক্ষা কেন্দ্র-২০২১ এর ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এইচএসসি/২০২১ এর বিষয় ভিত্তিক (যেসকল পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে) ব্যবহারিক পরীক্ষা নিম্নলিখিত নির্দেশনা মোতাবেক অনুষ্ঠিত হবে-

- ১। বিষয় ভিত্তিক ব্যবহারিক খাতা (নোট বুক) এর নম্বর ২৫(পঁচিশ) ধরে মূল্যায়ন করতে হবে।
- ২। পাঠদানকারি শিক্ষা প্রতিষ্ঠানের বিষয় ভিত্তিক শিক্ষক ব্যবহারিক নোটবুক মূল্যায়ন করবেন। সংশ্লিষ্ট শিক্ষক ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের (www.mymensingheducationboard.gov.bd) Forms অপশন এ গিয়ে HSC Exam কর্নারে Practical Number Sheet ডাউনলোড পূর্বক প্রিন্ট করে(একই ফরম বিজ্ঞপ্তির সাথেও সংযুক্ত রয়েছে) পরীক্ষার্থীদের নম্বর এন্ট্রি দিয়ে প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিতে হবে।
- ৩। প্রতিষ্ঠান প্রধান বিষয় ভিত্তিক সংশ্লিষ্ট শিক্ষক হতে প্রাপ্ত নম্বর পত্র ০৩/০১/২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। এখানে বিশেষ ভাবে উল্লেখ্য যে, নম্বর পত্রের সাথে পরীক্ষার্থীর ব্যবহারিক খাতা (নোটবুক) ও কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট হস্তান্তর করতে হবে যাতে করে ব্যবহারিক নোটবুক মূল্যায়ন সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে কেন্দ্র নোটবুক গুলো বোর্ডে জমা দিতে পারে।
- ৪। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক খাতা (নোটবুক) এর নম্বর বোর্ডের ওয়েবসাইটে ০৪/০১/২০২২ হতে ০৬/০১/২০২২ তারিখের মধ্যে অনলাইনে এন্ট্রি দিয়ে বোর্ডে প্রেরণ করবে এবং এক কপি প্রিন্ট করে কেন্দ্রে সংরক্ষণ করবে। পরবর্তীতে, বোর্ডের উদ্বৃত্ত মালামাল জমাদানের দিন (বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে) ম্যানুয়াল নম্বর পত্র (প্রতিষ্ঠান প্রধান হতে প্রাপ্ত) অবশ্যই পরীক্ষা শাখায় জমা দিতে হবে।

২১/১২/২০২১

(মোঃ সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ময়মনসিংহ।

ফোন: ০৯১-৫৩৩৩৫

Email: conbisemym@gmail.com

প্রাপক:

ভারপ্রাপ্ত কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন

সকল উচ্চমাধ্যমিক পরীক্ষা কেন্দ্র-২০২১

